গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৩৭

## রুয়েটে ক্যারিয়ার ক্রুইজের উদ্বোধন করলেন উপাচার্য

রাজশাহী, ২২ শ্রাবণ (০৬ আগস্ট):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) 'ক্যারিয়ার ক্রুইজ ২.০' অনুষ্ঠিত হয়েছে। বুধবার দিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানের আয়োজন করে রুয়েটের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সোসাইটি অফ প্রসেস ইঞ্জিনিয়ারিং।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, এই ধরনের আয়োজন আমাদের শিক্ষার্থীদেরকে ক্যারিয়ার বেছে নিতে সহযোগিতা করছে। দক্ষ জনবলের খোঁজে এখানে নামকরা প্রতিষ্ঠানগুলো সরাসরি শিক্ষার্থীদের কাছ থেকে জীবন বৃত্তান্ত (সিভি) গ্রহণ করে, ফলে শিক্ষার্থীদের একাডেমিক শিক্ষা গ্রহণের পর চাকরির জন্য বসে থাকতে হয় না।

রুয়েটের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ নূরুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী এবং ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকার। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রুয়েটের সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, এবারের ক্যারিয়ার ক্রুইজে পারফেট্টি, রেনাটা, এ এন্ড ই, রিমার্ক, রেডমিন এবং নিউ ওয়াটার এর মতো স্বনামধন্য ৬টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। অংশগ্রহকারী প্রতিষ্ঠানগুলোতে রুয়েটের শিক্ষার্থীরা সরাসরি তাদের জীবন বৃত্তান্ত (সিভি) জমা দিয়েছে। জমাকৃত সিভির ভিত্তিতে প্রতিষ্ঠানগুলো তাদের দক্ষ জনবল বাছাই করে নিবে।

---------------------------------------

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৭.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd